

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৬

আগরতলা, ০৫ জুন, ২০২৪

বিশ্ব পরিবেশ দিবস  
আগরতলায় বর্ণাঢ্য ইলেকট্রিক ভেহিক্যাল র্যালি

বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলায় এক বর্ণাঢ্য ইলেকট্রিক ভেহিক্যাল র্যালি আয়োজিত হয়। পরিবেশকে দূষণমুক্ত রাখার বার্তা সকলের কাছে পৌঁছে দিতে এই র্যালির আয়োজন করা হয়। পরিবহন দপ্তর ও ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের যৌথ উদ্যোগে এবং কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রণালয়ের ব্যুরো অব এনার্জি এফিসিয়েন্সির আর্থিক সহায়তায় এই র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিতে ওএনজিসি, টাটা, মাহিন্দ্রা এন্ড মাহিন্দ্রা এবং অন্যান্য সংস্থার বহু সংখ্যক ইলেকট্রিক ভেহিক্যাল অংশ নেয়। এই উপলক্ষে আগরতলার পুরাতন পরিবহন ভবন প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের কমিশনার উত্তম মন্ডল বলেন, পরিবেশ সুরক্ষায় প্রতিবছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষায় ইলেকট্রিক ভেহিক্যালের ভূমিকা অপরিসীম। এতে শব্দ দূষণের হাত থেকেও রক্ষা পাওয়া যায়।

অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অতিরিক্ত জেনারেল ম্যানেজার কনক লাল দাস বলেন, ত্রিপুরার ৪৫টি স্থানে ইলেকট্রিক ভেহিক্যাল চার্জিং স্টেশন স্থাপন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ট্রাফিক পুলিশ সুপার মানিক দাস। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের জেনারেল ম্যানেজার স্বপন দেববর্মা। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের যুগ্ম পরিবহন কমিশনার রিচার্ড জে লালনানকিমা উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর অতিথিগণ পুরাতন পরিবহন ভবন প্রাঙ্গন থেকে সবুজ পতাকা নেড়ে ইলেকট্রিক ভেহিক্যাল র্যালির সূচনা করেন। এই র্যালি শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা শেষে পুনরায় পুরাতন পরিবহন ভবন প্রাঙ্গনে এসে সমাপ্ত হয়।

\*\*\*\*\*